

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.২৮৯

তারিখ: ২২ মে ২০২৩


বিষয় : পুনঃব্যাখ্যা তলব।

সূত্র: সদর, পিরোজপুর এর স্মারক নং ২৯৩ তারিখ: ০৯/০৩/২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো) ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত সদর, পিরোজপুর এ প্রকল্পের মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি পাওয়ায় স্মারক নং ১০১ তারিখ: ০২/০৩/২৩ খ্রিঃ মূলে ব্যাখ্যা তলব করা হয়। ব্যাখ্যা তলবের জবাবে আপনি মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধির যেসব কারন উল্লেখ করেছেন তা কর্তৃপক্ষ কর্তৃক সন্তোষজনক মর্মে বিবেচিত হয়নি। বিগত ০৭/০৫/২৩ তারিখে সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় যে, বর্তমানে উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ ব্যাখ্যা তলবকালীন (৫৫.৭৬ লক্ষ টাকা) সময় হতে বৃদ্ধি পেয়ে ৬১.৩৩ লক্ষ টাকা হয়েছে ও কিস্তি খেলাপী ৪০.৭৭ লক্ষ টাকা এবং কিস্তি আদায়ের হার ৫৮.৮১%, যা অত্যন্ত হতাশাজনক। এতে প্রতীয়মান হয়, কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়ের জন্য আপনি কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার করেননি।

২। এছাড়া সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় সুফলভোগী সদস্য এককালীন ঋণ পরিশোধ করা সত্ত্বেও ঋণ নীতিমালা এবং এ সংক্রান্ত নির্দেশনা বহির্ভূতভাবে অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করা হয়। এতে প্রতীয়মান হয় আপনি নতুন সদস্য অন্তর্ভুক্তি/সমিতি গঠনের বিষয়ে গুরুত্ব আরোপ না করে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল রাখার জন্য এককালীন ঋণ পরিশোধকারী সদস্যদের অনিয়মতান্ত্রিকভাবে পুনঃ পুনঃ ঋণ বিতরণ করেন। ফলশ্রুতিতে উক্ত উপজেলায় কিস্তি খেলাপী বৃদ্ধি পেয়ে তা মেয়াদোত্তীর্ণ খেলাপীতে পরিনত হচ্ছে। তাই কিস্তিতে ঋণ আদায় জোরদারকরণসহ নতুন সদস্য অন্তর্ভুক্তি/ সমিতি গঠনপূর্বক ঋণ বিতরণ বৃদ্ধির উদ্যোগ নিতে হবে যেন কোন ঋণ তহবিল অলস অবস্থায় ব্যাংকে গচ্ছিত না থাকে। উপজেলার আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে কিস্তি ও মেয়াদোত্তীর্ণ খেলাপী আদায়সহ এককালীন পরিশোধকারী সদস্যদের বাদ দিয়ে ঋণ বিতরণ কার্যক্রম গতিশীল করার জন্য কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক তদারকি কার্যক্রম জোরদার না করায় প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হওয়াসহ নীতিমালা বহির্ভূত কার্যকলাপের বিষয়টি আপনার দায়িত্ব পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্যসহ সরকারি দায়িত্ব পালনে অনীহার শামিল হিসেবে বিবেচিত হয়েছে।

এমতাবস্থায়, আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


মো: ইসমাইল হোসেন
যুগ্ম সচিব
পরিচালক (সরেজমিন)
(অ.দা.)

ফোন : ০২৪১০১০৩২২

জনাব অমিত কুমার সরকার
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
বিআরডিবি, সদর, পিরোজপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. যুগ্মপরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা।
২. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পিরোজপুর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।